ICT

মিডিয়া এন্ড পাবলিক রিলেশনস
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ডায়েরী নং- তাং-
শাখার ডায়েরী নং- ৪৫৫ ২৪/৭/১৭
এআইজি
অতিঃ এসপি
জনসংযোগ কর্মকর্তা
এএসপি
প্রধান সহকারী
উচ্চমান সহকারী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
সিলেট মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
নাইওরপুল পয়েন্ট, সিলেট
www.police.gov.bd

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্মারক নং-এসএমপি/নিয়োগ-২১/২৮০৩/ই তারিখঃ- ১৮.০৭.২০১৭ খ্রিঃ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৯.১৭-৪৮৮ তাং-০৬.০৭.২০১৭ খ্রিঃ মূলে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য বর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামি ১৭.০৮.২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সরকারি ডাকযোগে নিম্নস্বাক্ষরকারী এর কার্যালয়ে দাখিল করতে হবে।

ক্রমিক নম্বর	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী		শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
			গ্রেড	বেতন স্কেল	
১	কম্পিউটার অপারেটর	৩(তিন)টি	গ্রেড-১৩	১১০০০-২৬৫৯০	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমান ডিগ্রী (বিজ্ঞান বিভাগের প্রার্থীগণ অগ্রগণ্য হবেন)। ন্যূনতম ২(দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটরদের বিভাগীয় প্রার্থী হিসেবে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। (খ) কম্পিউটার অপারেটরের ব্যবহারিক দক্ষতা নিরুপন পরীক্ষায় (aptitude test) অবশ্যই উত্তীর্ণ হতে হবে।
২	* অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২(দুই)টি	গ্রেড-১৬	৯৩০০-২২৪৯০	(ক) উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ হতে হবে।
৩	লস্কর	১(এক)টি	গ্রেড-২০	৮২৫০-২০০১০	(ক) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধীকার দেয়া হবে।
৪	* ওজনদার	১(এক)টি	গ্রেড-২০	৮২৫০-২০০১০	(ক) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
৫	গ্রিজার	১(এক)টি	গ্রেড-২০	৮২৫০-২০০১০	(ক) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধীকার দেয়া হবে।
	সর্বমোট=	৮(আট)টি	-		

*** বিঃদ্রঃ- অত্রাফিস স্মারক নং-এসএমপি/নিয়োগ-২১/৯৬২/ই তাং-০২.০৩.২০১৭খ্রিঃ মূলে ইতোপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থীগণ অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও ওজনদার পদে আবেদন করেছেন সে সকল প্রার্থীগণকে অত্র বিজ্ঞপ্তির ক্রমিক নং-২ এ বর্ণিত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও ক্রমিক নং-৪ এ বর্ণিত ওজনদার পদে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

-ঃ শর্তাবলী ঃ-

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। কোন ক্রমেই কম্পিউটারে বা অন্য কোনরূপে টাইপকৃত আবেদনপত্র গ্রহণ করা হবে না। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতায় নির্ধারিত আবেদন ফরমটি www.police.gov.bd / www.sylhetdiv.gov.bd / www.sylhet.gov.bd এবং এসএমপি সদর দপ্তর প্রশাসন শাখা হতে সংগ্রহ করা যাবে।

২। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করতে হবে। মিথ্যা, ভূয়া, ত্রুটিপূর্ণ তথ্য এবং অসম্পন্ন আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৪। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানানুযায়ী আবেদন করতে হবে।

৫। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেটে বরাবরে আবেদন দাখিল করতে হবে।

৬। খামের উপর পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৭। চাকুরিরত/বিভাগীয় প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

৮। জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১৭.১১.০০৪.১৭-৪৬ তাং-২২.০২.২০১৭ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/মহিলা/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও অন্যান্য কোটা অনুসরণ করা হবে।

৯। প্রার্থীর বয়সসীমা আগামি ১৭.০৮.২০১৭ খ্রিঃ তারিখ ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পোষ্য/শারীরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো অ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(চলমান পাতা নং-২)

১০। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত বা দাখিল করতে হবে-

(ক) সম্প্রতি তোলা ৫×৫ সে.মি. আকারের ৩ (তিন) কপি রঙিন ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নকৃত।

(খ) ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত প্রার্থীগণকে ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং-৩ হতে ৫ এ বর্ণিত প্রার্থীগণকে ৫০/-(পঞ্চাশ) টাকা ১/২২১১/০০০০/২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ, ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে। এ ক্ষেত্রে পোষ্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নহে।

(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদপত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/-(দশ) টাকার ডাক টিকিট লাগানো ১০.৫"×৪.৫" সাইজের একটি খাম।

(ঘ) সিটি-কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি-কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের (প্রার্থী কর্তৃক আবেদনপত্রে যার তথ্য প্রদান করা হবে) ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(চ) বয়স প্রমাণের জন্য জেএসসি/এসএসসি বা সমমান সনদসহ শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ অন্যান্য সকল সনদপত্র/সাময়িক সনদপত্রের ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(জ) অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে/প্রযোজ্য ক্ষেত্রে) ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(ঝ) কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(ঞ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে-

(১) মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও প্রতিমন্ত্রী স্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্রের ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দিতে হবে। এ ক্ষেত্রে অন্য কোন সনদ গ্রহণযোগ্য নহে।

(২) সনদধারী মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেমন-নাম, জন্ম তারিখ, আইডি নম্বর, সনদ নম্বর, মুক্তিবার্তার নম্বর, গেজেট নম্বর ও তারিখ, পোষ্যগণের নামের তালিকা উল্লেখপূর্বক মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে প্রাপ্ত সংলগ্নী এর ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দিতে হবে।

(৩) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এর ক্ষেত্রে প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট এর নিকট সম্পাদিত অ্যাফিডেভিট এর কপি দিতে হবে।

(৪) মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের (নাতি-নাতনিদের) ক্ষেত্রে বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট কপি দিতে হবে। এ ক্ষেত্রে স্থানীয় চেয়ারম্যান বা যে কোন পর্যায়ের মুক্তিযোদ্ধা কমান্ডারগণের সনদ বা প্রমানপত্র গ্রহণযোগ্য নহে।

(ট) এতিম কোটায় আবেদনকারীকে সমাজসেবা অধিদপ্তর নিয়ন্ত্রণাধীন রেজিস্টার্ড এতিমখানার/সরকারি শিশু সদনের নিবাসী হতে হবে এবং এতিমখানার/সরকারি শিশু সদনের নিবাসী সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

(ঠ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার স্বাক্ষরিত সনদ পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ড) প্রতিবন্ধি কোটায় আবেদনকারীকে প্রতিবন্দ্বিত্বের ধরন উল্লেখ পূর্বক সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদের ছায়ালিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দিতে হবে।

(ঢ) আনসার কোটায় আবেদনকারীকে আনসার একাডেমী কর্তৃক ইস্যুকৃত অন্যুন ৬(ছয়) সপ্তাহ বা ৪২ দিনের আনসার প্রশিক্ষণের সনদের ছায়ালিপির প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দিতে হবে। এ ক্ষেত্রে কোনক্রমেই উল্লেখিত সময়ের কম প্রশিক্ষণের সনদ গ্রহণ যোগ্য নহে।

১১। বর্ণিত পদসমূহে নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীকে স্ব-স্ব আবেদনপত্র আগামি ১৭.০৮.২০১৭ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে এসএমপি সদরদপ্তরে সরকারি ডাকযোগে পৌছাতে হবে। কোন আবেদনপত্র সরাসরি গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র সত্যায়ণের ক্ষেত্রে অবশ্যই সত্যায়ণকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি, আইডি নম্বর ও সিল থাকতে হবে।

১৩। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় অত্র নিয়োগ বিজ্ঞপ্তিতে চাহিত ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের মূলকপি পরীক্ষা গ্রহণকারী বা কর্তৃপক্ষের নিকট অবশ্যই উপস্থাপন করতে হবে।

১৪। পুলিশ কর্তৃক সত্যতা প্রতিপাদনে প্রার্থীর স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সকল সনদপত্র, মুক্তিযোদ্ধ সনদপত্র, ড্রাইভিং লাইসেন্স(প্রযোজ্য ক্ষেত্রে) ও আবেদনপত্রে উল্লিখিত তথ্য ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে তাকে চাকুরী হতে বরখাস্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুযায়ী নির্ধারিত সময় শিক্ষানবিস স্তরে চাকরি করতে হবে।

১৬। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ বা অন্য কোন ভাতা প্রদান করা হবে না।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, কোন শর্ত পরিবর্তন, সংযোজন, বিয়োজন, বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত নিয়োগযোগ্য পদের হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪/৭/২০১৭

(মোঃ রেজাউল করিম)
বিপি-৬৭৯৫০১০০৩৫
উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন)
পক্ষে-পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
☎ ফ্যাক্স নং-০৮২১-৭২৮৪৬৪
Emil-dchqsmp@police.gov.bd

(চলমান পাতা নং-৩)

বরাবর
পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ
সিলেট।

সে.মি. ৫×৫ ছবি ৩ কপি (সাম্প্রতিক তোলা)

১.	পদের নামঃ									
২.	বিজ্ঞপ্তির নম্বরঃ স্মারক নং-এসএমপি/নিয়োগ-২১/ ২৮০৩/ই	তারিখঃ	দি	ন	মা	স	ব	ৎ	স	র
			১	৮	০	৭	২	০	১	৭

৩.	প্রার্থীর নামঃ	বাংলায়ঃ	
		ইংরেজিতেঃ (বড় অক্ষরে)	

৪.	জাতীয় পরিচয়পত্র নম্বরঃ																				যে কোন একটি
	জন্ম নিবন্ধন নম্বর																				

৫.	জন্ম তারিখঃ	দি	ন	মা	স	ব	ৎ	স	র	৬. জন্মস্থান (জেলা):

৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ	বছর	মাস	দিন
৮.	মাতার নামঃ			
৯.	পিতার নামঃ			

১০.	ঠিকানাঃ	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লাঃ		
	ইউনিয়ন/ওয়ার্ডঃ		
	ডাকঘর।		
	পোস্টকোড নম্বরঃ		
	উপজেলাঃ		
	জেলাঃ		
১১.	যোগাযোগঃ	মোবাইল/টেলিফোন নম্বর	ই-মেইল (যদি থাকে)

১২.	জাতীয়তা :	১৩.	জেন্ডারঃ
১৪.	ধর্মঃ	১৫.	পেশাঃ

১৬.	শিক্ষাগত যোগ্যতাঃ					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):	
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):	

১৯.	কোটা (টিক চিহ্ন দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা(নাতি-নাতনি)	এতিম	শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন):

২০.	চালান নম্বরঃ	তারিখ	দি	ন	মা	স	ব	ৎ	স	র
	ব্যাংক ও শাখার নামঃ									

২১	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ	দি	ন	মা	স	ব	ৎ	স	র	প্রার্থীর স্বাক্ষর-

(চলমান পাতা নং-৪)

স্মারক নং-এসএমপি/নিয়োগ-২১/২৮০৩/ই তারিখঃ- ১৮.০৭.২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট। **নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার ইউনিটের ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।**
২। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৩। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, সিলেট রেঞ্জ, সিলেট।
৪। অতিরিক্ত পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৫। এআইজি(প্রশাসন/সংস্থাপন/আরএন্ডসিপি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৬। এআইজি(মিডিয়া এন্ড পাবলিক রিলেশনস) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। **নিয়োগ বিজ্ঞপ্তিটি পুলিশ হেডকোয়ার্টার্স ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।**
৭। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ জেলা। **নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, সিলেট এর ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।**
৮। পুলিশ সুপার, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ জেলা।
৯। কমান্ড্যান্ট(এসপি), আরআরএফ, সিলেট।
১০। উপ-পুলিশ কমিশনার(সদর ও প্রশাসন/উত্তর/দক্ষিণ/ট্রাফিক/ডিবি/পিওএম), সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
১১। সিভিল সার্জন, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ জেলা।
১২। সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ ও বিজ্ঞাপন, তথ্য মন্ত্রণালয়, কক্ষ নং-৮০৭, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। ডেপুটি পোষ্ট মাস্টার জেনারেল, সিলেট।
১৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।
১৫। উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
১৬। পরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট।
১৭। উপ-পরিচালক, সরকারী কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, উপশহর, সিলেট।
১৮। সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, সিলেট।
১৯। জেলা কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ জেলা।
২০। অন্যান্য ইউনিট--

১৮/৭/২০১৭

(মোঃ রেজাউল করিম)
বিপি-৬৭৯৫০১০০৩৫
উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন)
পক্ষে-পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
ফ্যাক্স নং-০৮২১-৭২৮৪৬৪
Emil-dchqsmp@police.gov.bd

স্মারক নং-এসএমপি/নিয়োগ-২১/২৮০৩/ই তারিখঃ- ১৮.০৭.২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও উক্ত বিজ্ঞপ্তিটি আগামী ২৫/৭/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে আপনার পত্রিকায় ১ (এক) দিনের জন্য (সরকারি ছুটির দিন ব্যতীত) প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ৭ (সাত) কপি জরুরীভিত্তিতে অত্রাফিসে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

১। সম্পাদক, দৈনিক প্রথম আলো, ঢাকা।
২। সম্পাদক, দি ইন্ডিপেন্ডেন্ট, ঢাকা।

১৮/৭/২০১৭

(মোঃ রেজাউল করিম)
বিপি-৬৭৯৫০১০০৩৫
উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন)
পক্ষে-পুলিশ কমিশনার
সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
ফ্যাক্স নং-০৮২১-৭২৮৪৬৪
Emil-dchqsmp@police.gov.bd